# গাজীপুর সিটি কর্পোরেশন-ইউনিসেফ নগর প্রকল্পের অগ্রগতি ২০১৯ পর্যালোচনা সভা

**২৯ জানুয়ারী ২০২০**

# মূল তথ্য সমূহ:

- **কর্মসূচি শিরোনাম: ”জিসিসি-ইউনিসেফ নগর প্রকল্প”** (গাজীপুর সিটি কর্পোরেশনের শিশুদের জন্য সমন্বিত সেবা কার্যক্রম)
- **২০২০ সালের মধ্যে আমাদের প্রত্যাশা:**

✓ গাজীপুর সিটি কর্পোরেশনের অঞ্চল ৭ ও ৮ ভূক্ত ১ লক্ষ শিশু ও তাদের পরিবার মানসম্মত স্বাস্থ্য, পুষ্টি, পয়ঃনিষ্কাশন ও শিক্ষা সেবা পাচ্ছে, যার মাধ্যমে নিজেদের সুরক্ষার পাশাপাশি জীবনমানের উন্নয়ন ঘটছে।

✓ শহর এলাকার বিশেষ করে অনুন্নত এলাকার শিশুদের জন্য গাজীপুর সিটি কর্পোরেশনের সেবা একটি মডেল হিসেবে পরিগণিত হচ্ছে।

# ব্যবস্থাপনা ও সমন্বয় বিষয়ক কার্যক্রম উপস্থাপনা


# পরিকল্পনার বিপরিতে অর্জিত অগ্রগতি

unicef

| পরিকল্পিত কাজ | অগ্রগতি - ২০১৯ |
|---|---|
| গাজীপুর সিটি কর্পোরেশন এর অধীনস্ত বিভিন্ন অঞ্চল, ওয়ার্ড ও কমিউনিটি পর্যায়ে যোগাযোগ ও সমন্বয় ব্যবস্থার উন্নতি সাধন | সিটি কর্পোরেশনের অঞ্চল ৭ ও ৮ এর ১২টি ওয়ার্ডে Community Based Child Protection Committee (CBCPC) পূনর্গঠন করা হয়েছে। মোট সদস্য সংখ্যা ১৮০। |
| | ১২টি ওয়ার্ডে CBCPC কমিটির সদস্যদের নিয়ে প্রকল্পের অবহিতকরণ, অগ্রগতি পর্যালোচনা এবং শিশু সুরক্ষা বিষয়ক সভা হয়েছে যেখানে সংশ্লিষ্ট কাউন্সিলরসহ প্রায় ১৮০ জন সদস্য অংশগ্রহণ করেন। |
| | নগর ভবনে ২টি অগ্রগতি পর্যালোচনা সভার মাধ্যমে প্রকল্পের অগ্রগতি ও ভবিষ্যৎ দিক নির্দেশনা তুলে ধরা হয়। সভায় জিসিসি ও জোন পর্যায়ের কর্মকর্তা, জেলা পর্যায়ের কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কাউন্সিলরগণ উপস্থিত ছিলেন। |

# পরিকল্পনার বিপরিতে অর্জিত অগ্রগতি

| পরিকল্পিত কাজ | অগ্রগতি |
|---|---|
| অঞ্চল-৭ ও অঞ্চল-৮ এর মৌলিক সামাজিক সেবার মানচিত্র | ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩জন অধ্যাপকের নেতৃত্বে সিটি কর্পোরেশনের ৭ ও ৮ নং অঞ্চলের বভিন্ন তথ্য সংগ্রহ করে ১টি মৌলিক সামাজিক মানচিত্র তৈরি করা হয়েছে। উক্ত মানচিত্রে সামাজিক সেবাসমূহের বর্তমান চিত্র তুলে ধরা হয়েছে এবং ভবিষ্যত করনীয় বিষয়ে সুপারিশ করা হয়েছে। উক্ত সুপারিশের ভিত্তিতে ২০১৯-২০২০ সময়ের জন্য পরিকল্পনা করা হয়েছে। |




unicef

# পরিকল্পনার বিপরিতে অর্জিত অগ্রগতি

| পরিকল্পিত কাজ | অগ্রগতি |
|---|---|
| দুর্যোগের ঝুঁকিহ্রাস ও দুর্যোগ মোকাবেলায় বিভিন্ন পর্যায়ে প্রশিক্ষণ | সিটি কর্পোরেশনের নগর ভবনে জিসিসি কর্মকর্তা, জেলা পর্যায়ের কর্মকর্তা এবং কাউন্সিলরসহ মোট ৩৬ জন ব্যক্তিবগর্কে (দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য) 'শিশু কেন্দ্রিক দুর্যোগ ঝুঁকি হ্রাস' বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয়েছে। |
| | ▪ ১৩টি সঃ প্রাঃ বিঃ এর ২৭ জন শিক্ষক, সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা ও ০১ জন সহকারী শিক্ষা কর্মকর্তাকে ভূমিকম্পের ঝুঁকি হ্রাস বিষয়ে প্রশিক্ষক প্রশিক্ষণ দেওয়া হয়েছে।<br>▪ তাদের মাধ্যমে ১৩টি সঃ প্রাঃ বিঃ ৪৮১৭ জন শিক্ষার্থীকে ভূমিকম্পের ঝুঁকি হ্রাসে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। |

# পরিকল্পনার বিপরিতে অদ্যাবধি যে অগ্রগতি অর্জিত হয়েছে

## কমিউনিটি/ওয়ার্ড পর্যায়ে মনিটরিং এন্ড সুপারভিশন ভিজিট ২০১৯ এর ছবি










# ব্যবস্থাপনা ও সমন্বয় কার্যক্রম

unicef







জিসিসি ও ওয়ার্ড পর্যায়ে প্রজেক্টের অগ্রগতি পর্যালোচনা সভার






**Interaction with community people by Donor visitor**

# ব্যবস্থাপনা ও সমন্বয় কার্যক্রম









**শিশু কেন্দ্রিক দুর্যোগ ঝুঁকিহ্রাস ও ভূমিকম্প বিষয়ক প্রশিক্ষণের ছবি**

# ওয়াটার, স্যানিটেশন এন্ড হাইজিন (ওয়াস) বিষয়ক কার্যক্রম উপস্থাপনা

# পরিকল্পনার বিপরিতে অদ্যাবধি অর্জিত অগ্রগতি

unicef

| পরিকল্পিত কাজ | অগ্রগতি |
|---|---|
| বিকেন্দ্রিভূত ওয়াস পরিকল্পনা | জোন- ৫ এর (কোনাবাড়ী ও কাশিমপুর এলাকা) ১২টি ওয়ার্ডে ১২টি বিকেন্দিভূত ওয়াস পরিকল্পনা করা হয়েছে এবং তা ক্রমান্বয়ে বাস্তবায়িত হচ্ছে। |
| নিম্ন আয়ের মানুষের জন্য স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন ও গোসলখানার ব্যবস্থা করা | কোনাবাড়ী ও কাশিমপুরে ওর্য়াড নং ৫ ও ১২ তে গোসলখানাসহ তিনটি কমিউনিটি টয়লেট নির্মান করা হয়েছে। |
| নিম্ন আয়ের মানুষের জন্য নিরাপদ পানির ব্যবস্থা করা | ওর্য়াড নং ৫ ও ১২ তে তিনটি সাবমার্জিবল পাম্প স্থাপন করা হয়েছে। |
| নিম্ন আয়ের মানুষের মাঝে স্বাস্থ্য বার্তা পৌঁছে দেয়া | পলিসি ও স্ট্রাটেজি'র উপর কর্মকর্তা ও নির্বাচিত প্রতিনিধিদের ওরিয়েন্টেশন করা হয়েছে। |
| স্বাস্থ্যবিধি প্রসার সংক্রান্ত প্রশিক্ষণ | জিসিসি কর্মকর্তা, ভলান্টিয়ার, স্বাস্থ্য ও পঃপঃ কর্মীদের ৩ দিন ব্যপি প্রশিক্ষণ দেয়া হয়েছে |
| নিরাপদ পানি পরিকল্পনার উপর প্রশিক্ষন | নিরাপদ পানি পরিকল্পনার উপর এক দিনের প্রশিক্ষন দেয়া হয়েছে |

# ওয়াস কার্যক্রমের উপর কিছু ছবি



Decentralized WASH Planning at Ward Level







WASH Block at Ward-5

**WASH Block visited by GCC and UNICEF high Officials**

# ওয়াস কার্যক্রমের উপর কিছু ছবি





Photos of the Training on Hygiene Promotion-2019





Photos of the Training on Water Safety Planning - 2019

# শিক্ষা বিষয়ক কার্যক্রম উপস্থাপনা

# শিক্ষার কার্যক্রম

- শিক্ষার ইউনিট স্থাপন:
- **শিক্ষা কর্ম-কৌশল প্রণয়ন**
- **প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষ সুসজ্জিতকরণ**
- প্রাক-প্রাথমিক কেন্দ্র স্থাপন
- দিবাযত্ন কেন্দ্র স্থাপন
- দিবাযত্ন কেন্দ্রের কেয়ার গিভারদের প্রশিক্ষণ
- **সহযোগী সংস্থা**

# শিক্ষার ইউনিট স্থাপন:



**পরিকল্পিত কাজ:**

শিক্ষা বিষয়ক কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং এর জন্য সিটি কর্পোরেশনে ‘শিক্ষা ইউনিট’ স্থাপন।

**অগ্রগতি:**

জ্যেষ্ঠ শিক্ষা কর্মকর্তার নেতৃত্বে ক্ষুদ্র পরিসরে ইউনিট স্থাপিত হয়েছে যা সিটি কর্পোরেশনের শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করছে।

# শিক্ষা কর্ম-কৌশল প্রণয়ন


**পরিকল্পিত কাজঃ**

সিটি কর্পোরেশনের জন্য একটি শিক্ষা কর্ম-কৌশল প্রণয়ন।

**Developing Education Strategy for Gazipur City Corporation**

**অগ্রগতিঃ**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপকের নেতৃত্বে ৫টি কর্মশালা, দলীয় আলোচনা ও সাক্ষাতকারের মাধ্যমে সর্বস্তরের জনগণের সাথে পরামর্শ করা হয়েছে। **কর্ম-কৌশল প্রণয়ন** প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। চুড়ান্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে।




**Gazipur City Corporation**

# প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষ সুসজ্জিতকরণ

**পরিকল্পিত কাজ:**

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২১ টি প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষ সুসজ্জিতকরণ (প্রাথমিক শিক্ষা বিভাগগের মাধ্যমে) ।

**অগ্রগতি:**

- ইতোমধ্যে ২১ টি প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষ সুসজ্জিতকরণ করা হয়েছে যা সর্ব মহলে প্রশংসিত হয়েছে ।
- শিক্ষক ও শিক্ষা বিভাগ সংশ্লিষ্ট কর্মকর্তদের জন্য Learning visit-এর আয়োজন করা হয়েছে এবং তিন ব্যাচে ৩২ জন শিক্ষক ও ৩ জন কর্মকর্তা Learning visitঃ-এ অংশগ্রহণ করেছে|





# প্রাক-প্রাথমিক কেন্দ্র স্থাপন

**পরিকল্পিত কাজঃ**

৫ থেকে ৬ বছর বয়সী শিশুর জন্য ০৪টি প্রাক-প্রাথমিক কেন্দ্র স্থাপন (সরাসরি কর্পোরেশনের মাধ্যমে)।

**অগ্রগতিঃ**

ইতোমধ্যে ০৪টি কেন্দ্র স্থাপন করা হয়েছে যেখানে ১২০ জন শিশু প্রাক-প্রাথমিক শিক্ষা গ্রহণ সম্পন্ন করেছে এবং আরও ১২০ জন গ্রহণ করছে ।





# দিবাযত্ন কেন্দ্র স্থাপন

**পরিকল্পিত কাজঃ**

২ থেকে ৪ বছর বয়সী শিশুর জন্য ৫টি দিবাযত্ন কেন্দ্র স্থাপন।

**অগ্রগতিঃ**

সিটি কর্পোরেশনের মাধ্যমে ৪টি দিবাযত্ন কেন্দ্র স্থাপন করা হয়েছে। মোট ৮০ শিশু সেবা পাচ্ছে।





# দিবাযত্ন কেন্দ্রের কেয়ার গিভারদের প্রশিক্ষণ









unicef

# সহযোগী সংস্থা

- **বাংলাদেশ শিশু একাডেমী : বাংলাদেশ শিশু একাডেমীর মাধ্যমে ১০ টি প্রি-প্রাইমারী কেন্দ্র চালু রয়েছে এবং এখানে ৩০০ জন শিশু শিক্ষা গ্রহণ করছে।**
- **সুরভী: ৮ থেকে ১৪ বছর বয়সী ২,০০০ জন বিদ্যালয় বহির্ভূত শিশুদের জন্য ৬৭টি শিক্ষা কেন্দ্র স্থাপন করা হয়েছে এবং কেন্দ্রগুলোতে শিখন-শেখানো কার্যক্রম চলছে।**
- **ফুলকী: এই এনজিওর** মাধ্যমে ৫টি দিবাযত্ন কেন্দ্র স্থাপন করা হয়েছে এবং মোট ১০০ শিশু সেবা পাচ্ছে।

# পুষ্টি বিষয়ক কার্যক্রম উপস্থাপনা

# পরিকল্পনার বিপরিতে অদ্যাবধি যে অগ্রগতি অর্জিত হয়েছে

| পরিকল্পিত কাজ | অগ্রগতি |
|---|---|
| ২ থেকে ৫ বছর বয়সী শিশুদের পুষ্টির স্তর নির্ণয় এবং অপুষ্টির শিকার শিশুদের রেফারেল এর জন্য মা ও শিশুদের কাউন্সেলিং ব্যবস্থাকে উন্নত করা | ওয়ার্ড পর্যায়ে ১২টি পুষ্টি ক্যাম্প আয়োজনের মাধ্যমে মোট ১২০০ জন ০-৫ বছর বয়সী শিশুর পুষ্টি স্তর নির্ণয়, পুষ্টি বিষয়ক পরামর্শ প্রদান ও মারাত্বক অপুষ্টিতে আক্রান্ত শিশুদের রেফারেলের ব্যবস্থা করা হয়েছে। পুষ্টি বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য মায়েদের মাঝে ১২০০টি পুষ্টি বিষয়ক ক্ষুদ্র পুস্তিকা বিতরণ করা হয়েছে। |
| মারাত্বক তীব্র অপুষ্টিতে আক্রান্ত শিশুদের চিকিৎসার জন্য স্যাম কর্ণার স্থাপন | টংগী জেনারেল হাসপাতালের শিশু ওয়ার্ডে স্যাম কর্নার স্থাপন করা হয়েছে। ২০১৯ সালে স্যাম কর্নার থেকে ৬৫ জন মারাত্বক তীব্র অপুষ্টিতে আক্রান্ত শিশু সেবা পেয়েছে। |
| সঠিক নিয়মে শিশুকে বুকের দুধ ও বাড়তি খাবার খাওয়ানো বিষয়ক প্রশিক্ষণ | ১০০ জন গর্ভবতী ও প্রসূতি মাকে সঠিক নিয়মে শিশুকে বুকের দুধ ও বাড়তি খাবার খাওয়ানো বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |

# পুষ্টি কার্যক্রমের উপর কিছু ছবি





unicef

# পুষ্টি কার্যক্রমের উপর কিছু ছবি





# স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম উপস্থাপনা

# স্বাস্থ্য

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিভিন্ন বিভাগের মাধ্যমে যে কার্যক্রমগুলো বাস্তবায়ন করা হয়েছে ঃ**

– স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মাধ্যমে ADOHEARTS প্রকল্পের আওতায় কৈশোর বান্ধব স্ব্যাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে গাজীপুর সিটি কর্পোরেশন এর অংশীদার এনজিও পরিষেবা কেন্দ্রে একটি নতুন কিশোর - কিশোরী স্ব্যাস্থ্য সেবা কর্নার প্রতিষ্ঠিত করা হয়েছে।

# শিশু সুরক্ষা বিষয়ক কার্যক্রম উপস্থাপনা

# পরিকল্পনার বিপরিতে অর্জিত অগ্রগতি ২০১৯

| পরিকল্পিত কাজ | অগ্রগতি |
|---|---|
| দক্ষতা e„w× | ৯ জন সমাজকর্মী মৌলিক ও প্রোফেশনাল সমাজসেবা প্রশিক্ষণ পেয়েছে এবং কেস ম্যানেজমেন্ট করছে। |
| কেস ম্যানেজমেন্ট | অদ্যাবধি ৯৫০ কেস ম্যানেজমেন্ট হয়েছে। |
| মাসিক কেস কনফারেন্স প্রক্রিয়া | ২৪ টি মাসিক কেস কনফারেন্সের মাধ্যমে ২১০ জটিল কেস পর্যালোচনার মাধ্যমে সেবা দেয়া হয়েছে । |
| পিতামাতার যত্ন ছাড়া শিশুদের Rb˙বিকল্প যত্ন বিধান শক্তিশালীকরণ | দুইট শিশু বিকাশ কেন্দ্রের কারিগরী উন্নয়ন সাধন, প্রয়োজনীয় মেরামত ও বিকল্প যত্ন প্রক্রিয়া চালু আছে। |
| শিশু বিচার eë¯'v উন্নয়ন | দুইট শিশু বিকাশ কেন্দ্রের কারিগরী উন্নয়ন সাধন করে ভিডিও কনফারেন্সিং ব্যবস্থা স্থাপন সম্পন্ন হয়েছে। |
| কিশোর-কিরোনী ক্লাব প্রতিষ্ঠা | জোন ৭ ও ৮ এর ১২টি ওয়ার্ডে ২৪টি কিশোর-কিশোরী ক্লাব প্রতিষ্ঠা করা হয়েছে এবং ২৪ টি ক্লাব কমিটি সক্রিয় রয়েছে |
| জীবন দক্ষতা প্রশিক্ষণ | ২৪ জন কিশোরী পিয়ার লিডার ও Creating Connection and child development প্রশিক্ষণ পেয়েছে এবং তারা ৭২০ জন কিশোর-কিশোরীর জীবন দক্ষতা বৃদ্ধি করেছে। |

# উন্নয়নের জন্য যোগাযোগ বিষয়ক

কার্যক্রম উপস্থাপনা

# পরিকল্পনার বিপরিতে অর্জিত অগ্রগতি - ২০১৯

| পরিকল্পিত কাজ | অগ্রগতি |
|---|---|
| ❖ ওয়ার্ড পর্যায়ে উঠান বৈঠক এর আয়োজন | ১২ টি ওয়ার্ডে এলাকা ভিত্তিক ২৫ টি মা দলের সাথে ৯৬ টি উঠান বৈঠক অনুষ্ঠিত হয় । এ সকল আলোচনায়,স্বাস্থ্য, শিক্ষা, পুষ্টি বাল্য বিয়ের কুফল ইত্যাদি ১৫ টি জীবন রক্ষাকারী বিষয় নিয়ে সচেতনতা মূলক অলোচনা হয় । মোট অংশগ্রহনকারির সংখ্যা প্রায় **১৯২০** |
| ❖ ওয়ার্ড পর্যায়ে পিয়ার গ্রুপ আলোচনা | ১২ টি ওয়ার্ডে ২৪ টি কিশোর/কিশোরী দলের সাথে ৯৬ টি পিয়ার গ্রুপ আলোচনা অনুষ্ঠিত হয় এবং বয়ঃসন্ধি, পুষ্টি, মাদকসক্তর কুফল ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয় । মোট অংশগ্রহনকারির সংখ্যা প্রায় **১৯২০** |
| ❖ কমিউনিটি ডায়লগ | ❖ ওয়ার্ড পর্যায়ে ৬টি কমিউনিটি ডায়লগ সম্পন্ন হয়েছে । এ সকল কমিইনিটি ডায়লগে এলাকার গন্যমাণ্য ব্যাক্তি ও এলাকাবাসী উপস্থিত ছিলেন । এখানে নিরাপদ মাতৃত্ব, ওয়াস, স্বাস্থ্যকর জীবন, শিশুর অধিকার ও সুরক্ষা বিষয়ে জনসাধারনের মাঝে সচেতনতা মূলক আলোচনা করা হয় মোট অংশগ্রহনকারির সংখ্যা প্রায় **১৮০০** |

# পরিকল্পনার বিপরিতে অর্জিত অগ্রগতি - ২০১৯

unicef

| পরিকল্পিত কাজ | অগ্রগতি |
|---|---|
| ❖ দিবস পালন : আন্তর্জাতিক কন্যা শিশু দিবস পালন | ❖ কাশিমপুরে আন্তর্জাতিক কন্যা শিশু দিবস পালন করা হয় । এ উপলক্ষ্যে কন্যা শিশুর প্রতি ইতিবাচক দৃষ্টি ভঙ্গি তৈরী করার জন্য র‍্যালি ও আলোচনা অনুষ্ঠান ও গণ-নাটক অনুষ্ঠিত হয় । মোট অংশগ্রহনকারির সংখ্যা প্রায় ৪০০ |
| ❖ ওয়ার্ড পর্যায়ে বাল্যবিয়ে বন্ধে প্রচারনা | ❖১২ টি ওয়ার্ডে বাল্যবিয়ে বন্ধে প্রচারনা অনুষ্ঠিত হয় । এ উপলক্ষ্যে প্রতিটি ওয়ার্ডে র‍্যালি,আলোচনা সভা ও গণ-নাটক অনুষ্ঠিত হয় । এ সকল অনুষ্ঠানে মাননীয় মেয়র,জিসিসি কর্মকর্তা, কাউন্সিলর এবং স্থানীয় গন্যমান্য ব্যাক্তি ও শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রী অংশগ্রহন করে । মোট অংশগ্রহনকারির সংখ্যা প্রায় ৪৮১০ |
| ❖ কিশোর/কিশোরী বেতার শ্রোতা ক্লাব<br><br>❖ ওয়ার্ড পর্যায়ে শিশু সুরক্ষা কমিটির কার্যক্রম নিয়ে আলোচনা | ❖ ৪ টি ওয়ার্ড ১২ টি স্কুলে কিশোর/কিশোরী বেতার শ্রোতা ক্লাব পুনঃগঠন করা হয় এবং কিশোর/কিশোরীরা বাংলাদেশ বেতারের অনুষ্ঠান শুনে এবং নিজেরা আলোচনা করে । অংশগ্রহনকারির সংখ্যা ৩০০<br><br>❖ ১২ টি ওয়ার্ডে বাৎসরিক মূল্যায়ন সভা শেষে শিশু সুরক্ষা কমিটির কার্যক্রম নিয়ে আলোচনা হয় । অংশগ্রহনকারির সংখ্যা ১৮০ |

# উঠান বৈঠক ও পিয়ার গ্রুপ আলোচনা







উঠান বৈঠক এর ছবি



পিয়ার গ্রুপ আলোচনা ছবি

# কমিউনিটি ডায়ালগ









কমিউনিটি ডায়লগ এর ছবি

# কন্যা শিশু দিবস


unicef
আন্তর্জাতিক কন্যা শিশু দিবস-২০১৯, র‍্যালি, আলোচনা সভা ও গণ-নাটক প্রদর্শনী
তারিখ : ১২ নভেম্বর ২০১৯
জনাব মোঃ মোস্তাফিজুর রহমান
জনাব শাসরীন সুলতানা
জনাব মাহমুদা আক্তার
জনাব মীর মোঃ আসাদুজ্জামান
সহযোগিতায়: ইউনিসেফ, বাংলাদেশ।



# বাল্য বিয়ে বন্ধে প্রচারনা











ECM Campaign at ward no. 12

# বাল্য বিয়ে বন্ধে প্রচারনা







unicef

# বাল্য বিয়ে বন্ধে প্রচারনা পেপার ক্লিপ

গণমানুষের মুখপত্র
দৈনিক গণমুখ
The Daily Ganomookh Voice of the people
মুক্তিযুদ্ধ বিষয়ক সাংবাদিকতায় দেশের সর্বোচ্চ পুরস্কার 'বজলুর রহমান পদক' প্রাপ্ত পত্রিকা
৬৪৫ ■ বর্ষ ৩৬ : সংখ্যা ৩২১ ■ বৃহস্পতিবার :: ১৫ কার্তিক, ১৪২৬ : ৩১ অক্টোবর, ২০১৯ ■ পৃষ্ঠা

## বাল্যবিয়ে রুখতে সিটি কর্পোরেশন সহযোগিতা করবে
---------------------- মেয়র জাহাঙ্গীর আলম



স্টাফ রিপোর্টার: গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব এডভোকেট মোঃ জাহাঙ্গীর আলম বলেছেন, মেয়েরা হলো মায়ের জাতি। তারা যেন সম্মানের সাথে বসবাস করতে পারে। বাপ-মা মিলেমিশে যদি কাজ করে সমাজে সংসারে কোন অভাব হয় না। মেয়েরা আমাদের কাছে নিরাপদ। পূর্বে যা হয়ে গেছে ভবিষ্যৎ আর কোনভাবে অল্প বয়সী মেয়েদের যেন কেউ বিয়ে না করে এবং না দেওয়া হয় সেদিকে খেয়াল রাখতে হবে। বাল্য বিয়ে রুখতে গাজীপুর সিটি কর্পোরেশন সর্বদা সহযোগিতা করবে। মঙ্গলবার বিকেলে বাইমাইল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে ইউনিসেফ বাংলাদেশ-এর সহযোগিতায় ও গাসিক ১২ নং ওয়ার্ড আয়োজিত বাল্যবিয়ে বন্ধ শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। আলোচনা সভা ছাড়াও বিতর্ক প্রতিযোগিতা, সঙ্গীত, গণনাটক ও র‍্যালি অনুষ্ঠিত হয়।

২
দৈনিক বাংলাভূমি
bangla-bhumi.com
www.bangla-bhumi.com
বৃহস্পতিবার ◻ ৩১ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

## বাল্য বিয়ে রুখতে সিটি কর্পোরেশন সর্বদা সহযোগিতা করবে: গাসিক মেয়র

মুহাঃ আতিকুর রহমান
স্টাফ রিপোর্টার ॥
গাজীপুর সিটি মেয়র আলহাজ্ব এডভোকেট মোঃ জাহাঙ্গীর আলম বলেন, মেয়েরা হলো মা জাতি তারা যেন সম্মানের সাথে বসবাস করতে পারে। বাপ-মা মিলে মিশে যদি কাজ করে সমাজে সংসারে কোন অভাব হয় না। মেয়েরা আমাদের কাছে নিরাপদ। পূর্বে যা হয়ে গেছে ভবিষ্যত আর কোন ভাবে অল্প বয়সী মেয়েদের যেন কেউ বিয়ে না করে এবং না দেওয়া হয় সেদিকে খেয়াল রাখতে হবে। বাল্য বিয়ে রুখতে গাজীপুর সিটি কর্পোরেশন সর্বদা সহযোগিতা করবে।

গত মঙ্গলবার বিকেলে গাজীপুর সিটি কর্পোরেশনের (জিসিসি) বাইমাইল সরকারী প্রাথমিক



বিদ্যালয় মাঠে ইউনিসেফ বাংলাদেশ-এর সার্বিক সহযোগিতায় ও জিসিসি'র ১২ নং ওয়ার্ড আয়োজিত বাল্য বিয়ে বন্ধ শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। আলোচনা সভা ছাড়াও বিতর্ক প্রতিযোগিতা,

৩য় পাতায় দেখুন





# ধন্যবাদ